খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

রেজিস্ট্রারের কার্যালয়
(একাডেমিক শাখা)

স্মারক নং খুবি/একা-১৮৭/২০১৬-৫৪২

তারিখ : ২৮/০৮/২০১৬ খ্রি.

প্রথম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০১৬-২০১৭

খুলনা বিশ্ববিদ্যালয়ের ৬টি স্কুল এবং চারুকলা ইনস্টিটিউটের অন্তর্ভুক্ত ২৮ টি ডিসিপ্লিনে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত পদ্ধতিতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে।

আবেদনের সাধারণ যোগ্যতা

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) ২০১৫ অথবা ২০১৬ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই আবেদন করতে পারবে।

(গ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পর্যায়ে ন্যূনতম জিপিএ ৪র্থ বিষয়সহ বিবেচিত হবে।

(ঘ) GCE O-Level এবং A-Level-এ উত্তীর্ণ প্রার্থীরা সংশ্লিষ্ট স্কুল কর্তৃক নির্ধারিত যোগ্যতা অর্জন সাপেক্ষে আবেদন করতে পারবে।

(ঙ) আবেদনের প্রয়োজনীয় যোগ্যতা/নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ku.ac.bd এর ভর্তি বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট স্কুল/ইনস্টিটিউট এর অপশনে পাওয়া যাবে।

(চ) আবেদনকারীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রাপ্ত মোট GPA-এর ভিত্তিতে স্কুল/ ইনস্টিটিউটে মেধাক্রম অনুযায়ী যোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হবে, যার প্রথম ৭,০০০ (সাত হাজার) জন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে ৭,০০০ (সাত হাজার) তম প্রার্থীর সমযোগ্যতা সম্পন্ন সকলেই (যদি থাকে) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

স্কুল/ইনস্টিটিউট ভিত্তিক আবেদনের যোগ্যতা ও তথ্যাবলী

স্কুল/ইনস্টিটিউট ও আবেদন ফি	ন্যূনতম জিপিএ/জিপি	ডিসিপ্লিন/বিভাগ	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা** (কোটাসহ)
বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল (E) (টাকা ৬০০/-)	এসএসসি/সমমান-৪.৫ এইচএসসি/সমমান-৪.৫ এইচএসসি-তে গণিত-৪.০, পদার্থ-৪.০, রসায়ন-৪.০ ও ইংরেজি-৩.০	স্থাপত্য	৫ বছর	৪৮+২=৫০
		কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৪ বছর	৩৮+২=৪০
		ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	৪ বছর	৩৮+২=৪০
		নগর ও গ্রামীণ পরিকল্পনা	৪ বছর	৩৮+২=৪০
		গণিত	৪ বছর*	৪৮+২=৫০
		পদার্থ বিজ্ঞান	৪ বছর*	৪৩+২=৪৫
		রসায়ন বিজ্ঞান	৪ বছর*	৪৩+২=৪৫
		পরিসংখ্যান	৪ বছর*	৩৮+২=৪০
জীব বিজ্ঞান স্কুল (L) (টাকা ৫৫০/-)	এসএসসি/সমমান-৪.৫ এইচএসসি/সমমান-৪.৫ এইচএসসি-তে গণিত-৪.০, জীববিজ্ঞান-৪.০, রসায়ন-৪.০, পদার্থ-৪.০ ও ইংরেজি-৩.০	এগ্রোটেকনোলজি	৪ বছর*	৪৩+২=৪৫
		বায়োটেকনোলজি এন্ড-জেনেটিক ইঞ্জিনিয়ারিং	৪ বছর	৩৮+২=৪০
		এনভায়রনমেন্টাল সায়েন্স	৪ বছর	৫৮+২=৬০
		ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজি	৪ বছর*	৪৩+২=৪৫
		ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি	৪ বছর*	৪৩+২=৪৫
		ফার্মেসি	৪ বছর*	৪৩+২=৪৫
		সয়েল সায়েন্স	৪ বছর*	৪৩+২=৪৫
ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল (B) (টাকা ৩০০/-)	এসএসসি/সমমান-৪.৫ এইচএসসি/সমমান-৪.৫	ব্যবসায় প্রশাসন	৪ বছর	৫৩+২=৫৫
		হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HRM)	৪ বছর	৩৮+২=৪০
কলা ও মানবিক স্কুল (A) (টাকা ৩৫০/-)	এসএসসি/সমমান-৪.০ এইচএসসি/সমমান-৪.০ বাংলায় ভর্তিচ্ছুদের এইচএসসি-তে বাংলায়-৩.৫ ও ইংরেজিতে ভর্তিচ্ছুদের এইচএসসি-তে ইংরেজিতে-৩.৫	ইংরেজি	৪ বছর*	৫৫+২=৫৭
		বাংলা ভাষা ও সাহিত্য	৪ বছর*	৫৫+২=৫৭
		ইতিহাস ও সভ্যতা	৪ বছর*	৩৮+২=৪০
সমাজ বিজ্ঞান স্কুল (S) (টাকা ৪০০/-)	এসএসসি/সমমান-৪.২৫ এইচএসসি/সমমান-৪.২৫ এইচএসসি-তে ইংরেজি-৩.০	অর্থনীতি	৪ বছর*	৪৩+২=৪৫
		সমাজবিজ্ঞান	৪ বছর*	৪৮+২=৫০
		ডিভেলপমেন্ট স্টাডিজ	৪ বছর	৪৩+২=৪৫
		গণযোগাযোগ ও সাংবাদিকতা	৪ বছর	৩৮+২=৪০
আইন স্কুল (LJ) (টাকা ২৫০/-)	এসএসসি/সমমান-৪.৫ এইচএসসি/সমমান-৪.৫ এইচএসসি-তে ইংরেজি-৩.৫	আইন ও বিচার	৪ বছর*	৩৮+২=৪০
চারুকলা ইনস্টিটিউট (F) (টাকা ২৫০/-)	এসএসসি/সমমান-৩.৫ এইচএসসি/সমমান-৩.৫	ড্রইং এন্ড পেইন্টিং	৪ বছর*	১৮+২=২০
		প্রিন্ট মেকিং	৪ বছর*	১৮+২=২০
		ভাস্কর্য	৪ বছর*	১৮+২=২০

* সম্মানসহ স্নাতক ডিগ্রি

** প্রতি ডিসিপ্লিনে মুক্তিযোদ্ধা কোটায় ১টি ও উপজাতি কোটায় ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত আছে।

চলমান পাতা-২

২৮/০৮/২০১৬

২৮/০৮/১৬

এছাড়া ও বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য প্রতিটি স্কুল/ইনস্টিটিউট এ ০১ (এক) টি করে অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে।

আবেদন করার নিয়মাবলী

(ক) ০৫/০৯/২০১৬ থেকে ৩০/০৯/২০১৬ খ্রি. তারিখের মধ্যে আবেদন সম্পন্ন করতে হবে। আবেদনের জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে।

ধাপ ১: অন লাইনে ku.cloudonebd.com এর মাধ্যমে আবেদনপত্র পূরণ করুন এবং প্রাপ্ত Application ID টি সংরক্ষণ করুন
ধাপ ২: ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে *৩২২# ডায়াল করুন
ধাপ ৩: মেনু থেকে ১ সিলেক্ট করে পেমেন্ট অপশন অনুসরণ করুন
ধাপ ৪: আবার ১ সিলেক্ট করে বিল পেমেন্ট অপশনে যান
ধাপ ৫: খুলনা বিশ্ববিদ্যালয়ের বিলার আইডি হিসাবে ২১১ টাইপ করুন
ধাপ ৬: ধাপ ১-এ অন লাইনে আবেদনপত্র পূরণ করার সময় প্রাপ্ত আপনার নির্ধারিত Application ID নম্বর টাইপ করুন
ধাপ ৭: বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি (টাকার অংক) টাইপ করুন
ধাপ ৮: আপনার মোবাইল এ্যাকাউন্টের নির্ধারিত পিন প্রদান করুন
ধাপ ৯: সফল পেমেন্টের এস এম এস হতে টিএক্সএন (Transaction ID) আইডিটি সংরক্ষণ করুন
ধাপ ১০: ku.cloudonebd.com ওয়েব সাইটে গিয়ে পেমেন্ট অপশনে আপনার Application ID (ধাপ ১-এ প্রাপ্ত)এবং Transaction ID (ধাপ ৯-এ প্রাপ্ত) দিয়ে Submit করুন

(খ) বিএফএ প্রি-ডিগ্রি উত্তীর্ণ, GCE O-Level ও A-Level এবং ২০০৮ সালের পূর্বে এসএসসি পর্যায়ে উত্তীর্ণ হওয়া আবেদনকারী ভর্তিচ্ছু স্কুল/ইনস্টিটিউটের ভর্তি পরীক্ষার সভাপতি বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র **৩০/০৯/২০১৬ খ্রি. তারিখ বিকাল ৫:০০ টার** মধ্যে ডাকযোগে অথবা সরাসরি সংশ্লিষ্ট ডিন/পরিচালকের অফিসে জমা দিতে পারবে। আবেদনপত্রের সাথে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার গ্রেডশিট/মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এর একটি করে অনুলিপি এবং সংশ্লিষ্ট স্কুল/ইনস্টিটিউটের 'ভর্তি পরীক্ষার সভাপতি' বরাবর 'অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখা'-এর উপর নির্ধারিত আবেদন ফি-এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। আবেদনপত্রে যোগাযোগের ঠিকানা ও মোবাইল/ফোন নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে।

প্রবেশপত্র

ভর্তি পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে অবশ্যই ওয়েব সাইট (ku.cloudonebd.com) থেকে (Application ID-এর মাধ্যমে) সংগ্রহকৃত প্রবেশপত্রের দুই কপি সংগে আনতে হবে।

স্কুল/ইনস্টিটিউট ভিত্তিক ভর্তি পরীক্ষার তারিখ ও সময়

স্কুল/ইনস্টিটিউটের নাম	তারিখ ও বার	সময়
বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল	০৩/১১/২০১৬ বৃহস্পতিবার	সকাল ৯.০০ - ১১.০০
জীব বিজ্ঞান স্কুল	০৩/১১/২০১৬ বৃহস্পতিবার	দুপুর ১.০০ - ২.৩০
চারুকলা ইনস্টিটিউট	০৩/১১/২০১৬ বৃহস্পতিবার	বিকাল ৩.৩০ - ৫.০০
ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল	০৪/১১/২০১৬ শুক্রবার	সকাল ৯.০০ - ১০.৩০
সমাজ বিজ্ঞান স্কুল	০৪/১১/২০১৬ শুক্রবার	বিকাল ২.৩০ - ৪.০০
কলা ও মানবিক স্কুল	০৫/১১/২০১৬ শনিবার	সকাল ৯.০০ - ১১.০০
আইন স্কুল	০৫/১১/২০১৬ শনিবার	বিকাল ২.৩০ - ৪.০০

বিশেষ দ্রষ্টব্য

(ক) ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যসমূহ খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ku.ac.bd এ পাওয়া যাবে। এ ছাড়াও ভর্তিসংক্রান্ত যে কোন তথ্য সংশ্লিষ্ট স্কুলের ডিন/ইনস্টিটিউটের পরিচালকের অফিস থেকে জানা যাবে।
(খ) পরীক্ষার সময় কোন মোবাইল ফোন সঙ্গে রাখা যাবে না।

২৯.০৮.১৬
(টিপু সুলতান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা বিশ্ববিদ্যালয়